# গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu�min) | غَافِر(اَلْمُؤْمِن)

আয়াতঃ ৪০ : ৬১

## আরবি মূল আয়াত:

اَللّٰهُ الَّذِی جَعَلَ لَکُمُ الَّیلَ لِتَسکُنُوا فِیهِ وَ النَّهَارَ مُبصِرًا ؕ اِنَّ اللّٰهَ لَذُو فَضلٍ عَلَی النَّاسِ وَ لٰکِنَّ اَکثَرَ النَّاسِ لَا یَشکُرُونَ ﴿۶۱﴾

## অনুবাদসমূহ:

আল্লাহ, যিনি তোমাদের জন্য রাত বানিয়েছেন যাতে তোমরা তাতে বিশ্রাম করতে পার এবং দিনকে করেছেন আলোকোজ্জ্বল। নিশ্চয় আল্লাহ মানুষের প্রতি বড়ই অনুগ্রহশীল; কিন্তু অধিকাংশ মানুষ কৃতজ্ঞতা প্রকাশ করে না। — আল-বায়ান

আল্লাহ যিনি তোমাদের জন্য রাত্রি বানিয়েছেন যাতে তোমরা তাতে প্রশান্তি লাভ করতে পার, আর দিনকে করেছেন আলোকময়। আল্লাহ মানুষদের প্রতি বড়ই অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ মানুষই (আল্লাহর অনুগ্রহ লাভের পরও) কৃতজ্ঞতা স্বীকার করে না। — তাইসিরুল

আল্লাহই তোমাদের বিশ্রামের জন্য সৃষ্টি করেছেন রাত এবং আলোকজ্জ্বল করেছেন দিনকে। আল্লাহতো মানুষের প্রতি অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ মানুষ কৃতজ্ঞতা প্রকাশ করেনা। — মুজিবুর রহমান

It is Allah who made for you the night that you may rest therein and the day giving sight. Indeed, Allah is full of bounty to the people, but most of the people are not grateful. — Sahih International

৬১. আল্লাহ, যিনি তোমাদের জন্য তৈরী করেছেন রাতকে; যাতে তোমরা তাতে বিশ্রাম করতে পার এবং আলোকোজ্জ্বল করেছেন দিনকে নিশ্চয় আল্লাহ মানুষের প্রতি অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ মানুষই কৃতজ্ঞতা প্রকাশ করে না।

-

তাফসীরে জাকারিয়া

(৬১) আল্লাহই রাতকে তোমাদের বিশ্রামের জন্য সৃষ্টি করেছেন[1] এবং দিনকে করেছেন আলোকোজ্জ্বল।[2] নিশ্চয়ই আল্লাহ মানুষের প্রতি অনুগ্রহশীল, কিন্তু অধিকাংশ মানুষ কৃতজ্ঞতা প্রকাশ করে না। [3]

[1] অর্থাৎ, রাতকে অন্ধকার বানিয়ে দিয়েছেন। যাতে জীবিকা অর্জনের যাবতীয় কাজকর্ম বন্ধ হয়ে যায় এবং মানুষ নির্বিঘ্নে শান্তির সাথে ঘুমাতে পারে।

[2] অর্থাৎ, আলোক-উজ্জ্বল করে দিয়েছি। যাতে জীবিকা অর্জনের পরিশ্রম ও প্রচেষ্টায় কোন কষ্ট না হয়।

[3] তারা আল্লাহর নিয়ামতের না কৃতজ্ঞতা জ্ঞাপন করে, আর না তা স্বীকার করে। হয়তো বা কুফরী ও অস্বীকার করার কারণে; যেমন, কাফেরদের অভ্যাস। নতুবা অনুগ্রহকারীর কৃতজ্ঞতা জ্ঞাপন যে ওয়াজিব এ ব্যাপারে উদাসীনতার কারণে; যেমন, মূর্খদের আচরণ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4194

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন